Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-412**
বিষয়: **স্কুলে নিরাপত্তা**
শ্রেণি: **শিক্ষার্থীবৃন্দ**
ইস্যুর তারিখ: **21 ডিসেম্বর, 2023**

## পরিবর্তনসমূহের সংক্ষিপ্তসার

এই প্রবিধান 8 নভেম্বর, 2006 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-412-কে রহিত করে। স্পষ্টতা ও সহজবোধ্যতার জন্য এই প্রবিধানের সার্বিক অনুক্রম পুনরায় সাজানো হয়েছে। প্রবিধানটির বিষয়বস্তু নিম্নরূপে সংশোধন করা হয়েছে:

সেকশন I

- পিতামাতার সংজ্ঞায় A-101-এর একটি অভিসম্বন্ধ (ক্রস-রেফারেন্স) সংযুক্ত রয়েছে। (I.A.1)
- স্কুল স্টাফকে সংজ্ঞায়িত করা হয়েছো স্কুলে কর্মরত DOE-এর শিক্ষকতাবিষয়ক কর্মচারি। (I.A.3)
- সহিংসামুক্ত এবং তা মানসিক ও দৈহিক নিরাপত্তাদানে সহায়ক, এমন একটি নিরাপদ ও ইতিবাচক স্কুল পরিবেশ নিশ্চিত করতে প্রত্যাশাকে সম্প্রসারিত করে। (I.A.2)
- স্কুলের পরিবেশের জন্য সকল স্টাফ, শিক্ষার্থী, এবং SSA-গণ দায়িত্বশীল হন, সেটার উপর গুরুত্ব দেয়। (I.A.3)
- স্কুলের গণ্ডীর বাইরের আচরণ কখন স্কুলের সাথে সংশ্লিষ্ট ঘটনা বলে বিবেচিত হতে পারে, তার সহজ ব্যাখ্যা প্রদান করে।
- যখন কোনো শিক্ষার্থী নিরাপত্তা জনিত উদ্বেগ প্রকাশ করে, তখন পিতামাতাদের অবহিতকরণ সংক্রান্ত বাধ্যবাধকতার বিষয়টি করতে হবে, তার বিবরণ প্রদান করে। (I.A.6)
- প্রবিধানের বাধ্যবাধকতা সম্পর্কে সকল স্কুল স্টাফ পরিচিত আছেন, এটা নিশ্চিত করার দায়িত্ব প্রিন্সিপালের উপর অর্পণ করে। (I.A.7)
- SSA (স্কুল সেফটি এজেন্ট)-দের ভূমিকা এবং SSA-দের সাথে প্রিন্সিপালের কাজ করার এবং তাদেরকে স্কুল কমিউনিটির সাথে সমন্বিত করার দায়িত্ব স্পষ্টীকরণ করে। (I.B) DOE, City এবং NYPD-এর মধ্যে সমঝোতা স্মারকের প্রসঙ্গ উত্থাপন করে। (I.B.1)
- সমঝোতা স্মারকের হাইপারলিংক এবং প্রযোজ্য টহল নির্দেশনা প্রক্রিয়া (I.B.1)-এর সাথে প্রাসঙ্গিক হাইপারলিংক যুক্ত করে।
- অপরাধ-বহির্ভূত ঘটনার প্রতিবেদন তৈরি প্রসঙ্গে স্কুল সেফটি ইনসিডেন্ট (নিরাপত্তা সংক্রান্ত ঘটনা)-এর প্রতিবেদন তৈরিতে SSA-এর ভাষাগত বাধ্যবাধকতা প্রত্যাহার করে।
- SSA-দের কাজের মধ্যে দর্শনার্থী নিয়ন্ত্রণ, টহল, জরুরি পদক্ষেপ, শিক্ষার্থী তল্লাশি, থাতু সনাক্তকরণ/স্ক্যান করা অন্তর্ভুক্তির বিষয়টি ব্যাখ্যা করে। (I.B.4)
- অপরাধ-বহির্ভূত ঘটনা, শিক্ষার্থীদের লঘু অসদাচরণের ঘটনার বিহিত করণে SSA ডাকা যাবে না, তবে প্রয়োজনে হস্তক্ষেপের জন্য ডাকা যাবে, সে ব্যাখ্যা প্রদান করে। (I.B.5)

- যেসব অপরাধ-বহির্ভূত ঘটনা, শিক্ষার্থীদের লঘু অসদাচরণের ঘটনা নিয়ন্ত্রণের জন্য DOE স্টাফ দায়বদ্ধ, সেগুলোর তালিকা প্রদান করে। (I.B.5)
- স্কুলের মিটিংসমূহের আলোচনার ব্যাপারে প্রস্তাবিত প্যারাগ্রাফ 3 মুছে দিয়েছে এবং পরবর্তী অংশে নতুন ক্রমিক নম্বর বসিয়েছে।
- এই মর্মে শর্তারোপ করে যে (1) স্কুল-দিবস BRT (বিল্ডিং রেসপন্স টিম) জরুরি পরিস্থিতিতে ব্যবস্থাগ্রণ করবে, এবং (2) প্রযোজ্য হলে, CBO-এর সাথে সহযোগিতামূলকভাবে DOE স্পন্সর করা স্কুল পরবর্তী প্রোগ্রামূহের জন্য অবশ্যই একটি আফটার-স্কুল BRT থাকতে হবে। BRT-এর সদস্যদের পরিচিতির শনাক্ত করে। (I.C)

সেকশন II

- অপরাধের ঘটনায় "অভিযুক্ত" যোগ করা হয়েছে যাতে এটি স্পষ্ট হয় যে, এসব ঘটনা রিপোর্টিং, জানানো, অথবা NYPD-এর সাথে যোগাযোগ অথবা শিক্ষার্থী বা সম্ভাব্য সাক্ষীকে প্রশ্ন করার সময় অভিযোগ হিসেবে বিবেচিত হয় (III এবং পরেরগুলোতে)।
- যদি ব্যক্তিটির শারীরিক আঘাত অথবা অসুস্থতার কারণে তাৎক্ষণিক চিকিৎসার আবশ্যিকতা থাকে, সেক্ষেত্রে অনুসরণীয় ধাপগুলো, যার অন্তর্ভুক্ত 911 নম্বরে ফোন, পিতামাতার সাথে যোগাযোগ এবং শিক্ষার্থীকে স্থানান্তরে পিতামাতার অসম্মতির ক্ষেত্রে যা করতে হবে, তার বিস্তারিত যোগ করে। (II.A, D)
- স্পষ্ট করে যে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই দ্রুত ঘটনা স্থলে যাবেন এবং সেই ব্যক্তি যদি শিক্ষার্থী হয়, তাহলে তার পিতামাতার সাথে যোগাযোগ করবেন। (II.B)

সেকশন III

- কোনো অপরাধ-নয় অথবা চিকিৎসার দরকার আছে এমন জনস্বাস্থ্য এবং/অথবা নিরাপত্তা সংশ্লিষ্টতা বা সংবাদ হিসেবে গুরুত্ববহ পরিস্থিতির সাথে সম্পর্কিত EIC-এর সাথে বাধ্যতামূলক যোগাযোগ-সংশ্লিষ্ট অংশে (III.A) ভাষা হালনাগাদকরণ করা হয়েছে।
- ব্যাখ্যা করে যে, স্কুল-সম্পর্কিত সকল ঘটনার জন্য OORS হলো অফিশিয়াল ঘটনা রিপোর্টিং সিস্টেম। (III.B.1)
- সকল স্কুল সম্পর্কিত ঘটনার জন্য OORS রিপোর্ট জমাদানে কী কী শর্ত, OORS রিপোর্টে কী অন্তর্ভুক্ত থাকবে, এবং ঘটনার কোড হালনাগাদের অনুরোধ কীভাবে করতে হয় - সেগুলি বাস্তবায়ন করে এবং তার বিবরণ দেয়। (III.B.2)
- পাদটিকা অপসারণ করে একটি সামগ্রিক আঘাতের রিপোর্ট আবশ্যক করেছে, যা এখন OORS রিপোর্টিংয়ের অংশ।
- গোপনীয়তা এবং সুবিধা-প্রাপ্ত তথ্য সিনিয়র ফিল্ড কাউন্সেলরের(III) কাছে রেফার করতে হবে সে বিষয়ে জোর দেয়
- কখন প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই ইমারজেন্সি ইনফরমেশন সেন্টারের সাথে যোগাযোগ করতে হবে (যখন NYPD-কে ডাকা হয় অথবা তারা স্কুল আসে বা অন্যথায় যেভাবে OSYD কর্তৃক নির্দেশিত হয়) এবং ঘটনা EIC-এর নিয়মিত সময়ের বাইরে ঘটলে কী করতে হবে - এইসব বিষয়ের শর্ত হালনাগাদ করে। (III.A.1, 3)
- কোনো OORS রিপোর্ট শুরুর জন্য EIC ভূমিকা ব্যাখ্যা করে। (III.A.2)
- সাক্ষীর বিবৃতি জমাদানের শর্ত অন্তর্ভুক্ত করে। (III.B.3)

সেকশন IV

- কোনো অভিযুক্ত শিক্ষার্থীর দ্বারা ঘটানো অপরাধের জন্য যদি NYPD-এর সাথে যোগাযোগ করা হয়, সেক্ষেত্রে পিতামাতা এবং সুপারিনটেনডেন্টকে জানানো ছাড়াও বরো সেফটি ডিরেক্টরকে জানানোর শর্ত যোগ করে। (IV.A.1)
- শিক্ষার্থী কর্তৃক সংঘটিত অপরাধের জন্য যদি NYPD-কে ডাকা হয় তার অন্তর্ভুক্ত EIC-কে জানানোর বিষয়টি মনে করিয়ে দেয়া। (IV.A.1)
- প্রিন্সিপাল এবং NYPD-এর কাছে রিপোর্ট করতে হবে এমন অপরাধের ধরন স্পষ্ট করতে ভাষা যোগ করা হয়েছে। (IV.A.1)
- যদি প্রিন্সিপাল নিশ্চিত না হন যে, আচরণটি এমন একটি অপরাধ কিনা যার জন্য NYPD-কে ডাকা দরকার, সে ক্ষেত্রে প্রিন্সিপালকে কীভাবে সিনিয়র ফিল্ড কাউন্সিলের সাথে যোগাযোগ করতে হবে তার ব্যাখ্যাসহ ভাষা যোগ করা হয়েছে। (IV.A.1.b)
- শিক্ষার্থী (IV.A.1) কর্তৃক সংঘটিত অপরাধের জন্য যদি NYPD-কে ডাকা হয় তার অন্তর্ভুক্ত EIC-কে জানানোর বিষয়টি মনে করিয়ে দেয়া।
- প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির সাথে যোগাযোগের আগে যখন NYPD-এর সাথে যোগাযোগ করা হয় তখন তার বিবরণে ভাষা পরিবর্তনের মাধ্যমে সুরক্ষার হুমকিকে সুরক্ষা-সম্পর্কিত জরুরি অবস্থা করে।
- অপরাধ-নয় এমন শিক্ষার্থী আচরণের ক্ষেত্রে প্রক্রিয়ার বিষয়ে আলোচনা করে। (IV.A.2). অপরাধ নয় এমন শিক্ষার্থী আচরণের জন্য, ভাষা স্পষ্টীকরণ করে যে, প্রিন্সিপালকে অবহিতকরণ প্রস্তুত যাতে স্কুল যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে পারে। (IV.A.2.b)
- অপরাধ নয় এমন শিক্ষার্থী আচরণে শৃঙ্খলাজনিত কারণ হিসেবে 911 ব্যবহার করা যাবে সেটি উল্লেখ করে। (IV.A.2)
- স্পষ্ট করে যে, DOE শিক্ষার্থী সংশ্লিষ্ট অপরাধজনিত আচরণ অথবা যৌন অসদাচরণের জন্য রিপোর্টিংয়ের শর্ত যেকোনো প্রাপ্ত বয়স্ক যে কোনো স্কুল সংশ্লিষ্ট অপরাধ করেছে অথবা যে কোনো DOE শিক্ষার্থীর সাথে যৌন অসদাচরণ করেছে তার বেলায়ও প্রযোজ্য; এটিও স্পষ্ট করে যে, যখন SCI ডাকা হয়, প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই এই অভিযোগের তদন্ত করবেন না। (IV.B.1)
- স্কুলে কর্মরত DOE কর্মী এবং DOE-এর বাইরের কর্মীদের অন্য অসদাচরণের প্রক্রিয়ার রেফারেন্স যোগ করে। (IV.B.2)

সেকশন V

- যেখানে যথাযথ সেই অনুযায়ী ব্যবস্থা রাখে যে, তাৎক্ষণিক গ্রেফতার আবশ্যক না হলে কোনো শিক্ষার্থীকে গ্রেফতারের আগে প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি কোনো প্রিসিংক্ট সুপারভাইজর এবং বরো সেফটি ডিরেক্টরের সাথে পরামর্শ করতে পারেন। (V.A) স্পষ্ট করে যে, যদি কোনো আসন্ন বিপদ, এবং তাৎক্ষণিক গ্রেফতারের আবশ্যিকতা না থাকে, তাহলে এই ধরনের যোগাযোগ করা যাবে।
- ভাষা যোগ করে যা অগ্রাধিকার দেয় যে, স্কুলের সাথে সম্পৃক্ত নয় এমন অপরাধসমূহ যেগুলি করা হয় ক্যাম্পাসের বাইরে সেগুলির ক্ষেত্রে, যখন সম্ভব, শিক্ষার্থীর গ্রেফতার সুরক্ষার সাথে আপোষকৃত এবং রেফারেন্স অপসারণ করবে না। যদি ক্যাম্পাসে গ্রেফতারের অনুরোধ জানানো হয়, প্রিন্সিপালকে বরো সেফটি ডিরক্টরের সাথে অবশ্যই আলোচন করতে হবে। (V.C)

- সম্ভাব্য ক্ষেত্রে যাতে বেসরকারি স্থানে শিক্ষার্থীর গ্রেফতার কার্যকর হয়, সেটির নিয়ম যোগ করে; যখনই সম্ভব অথবা SSD-এর অনুমোদন ব্যতীত 12 বছর বয়সের নিচের শিক্ষার্থীদের জন্য ধাতুর হাতকড়া ব্যবহার করা হবে না; প্রয়োজন মতো সর্বনিম্ন সংযম ব্যবহার করতে হবে। (V.E)

সেকশন VI

- স্কুল-সংশ্লিষ্ট অপরাধের জিজ্ঞাসাবাদ অবশ্যই করবে NYPD/ তদন্তকারী এজেন্সি। (VI.B)
- স্পষ্ট করে যে, যদি পিতামাতা জিজ্ঞাসাবাদের সময় উপস্থিত থাকতে চান, জিজ্ঞাসাবাদকারী অবশ্যই পিতামাতার উপস্থিতির জন্য অপেক্ষা করবেন, এবং পিতামাতা আপত্তি জানালে ঐ জিজ্ঞাসাবাদ অনুষ্ঠিত হবে না। (VI.B.1)
- কোনো শিক্ষার্থীকে জিজ্ঞাসাবাদের আগে, প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই পিতামাতার সাথে যোগাযোগের চেষ্টা করবেন। যদি পিতামাতার সাথে যোগাযোগ করা না যায়, এবং NYPD দাবি করে অব্যাহত আসন্ন বিপদের হুমকি ব্যাপারে, ইন্টারভিউ শুরুর আগে সিনিয়র ফিল্ড কাউন্সেল অথবা অফিস অভ জেনারেল কাউন্সিলের সাথে অবশ্যই পরামর্শ করতে হবে। (VI.B.1) স্পষ্ট করে যে, আসন্ন বিপদ ঐ শিক্ষার্থীর জন্য প্রযোজ্য যাকে সন্দেহ করা হচ্ছে এবং অত্যাবশ্যক পরিস্থিতি তাদের বেলায় প্রযোজ্য যারা সন্দেহের তালিকায় নেই।
- যোগ করে যে, যদি NYPD/তদন্তকারী এজেন্সিসমূহ পিতামাতার অনুপস্থিতিতে জিজ্ঞাসাবাদ করে, একজন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যার কথাবার্তা বোঝাতে অসুবিধা আছে, তাকে সহায়তাদানে অবশ্যই এমন একজন হবেন যিনি স্কুলের কোনো দায়িত্বে আছেন। (VI.B.1.c, VI.B.2, VI.B.4)
- যোগ করে যে, যেসব শিক্ষার্থীর ইংরেজিতে যোগাযোগে সমস্যা আছে তাদেরকে দোভাষী প্রদানের দায়িত্বের কথাটি মনে করিয়ে দিতে হবে (VI.B.1.c)
- একটি অভিযুক্ত অপরাধে (VI.B1.d এবং সর্বদা) সন্দেহভাজন শিক্ষার্থীকে অভিযুক্ত শিক্ষার্থী হিসেবে পরিবর্তন করে
- একটি নতুন ব্যবস্থা যোগ করে যেখানে কখন মিরান্ডা সতর্কতা অবশ্যই দিতে হবে (VI.B.1.d, VI.B.2.d) তার বিবরণ দেয়
- যোগ করে যে, যদি SCI কোনো শিক্ষার্থীর ইন্টারভিউ নিতে চায়, সম্মতির জন্য পিতামাতার সাথে অবশ্যই যোগাযোগ করতে হবে। (VI.B.4)
- পরামর্শ দেয়া হয়, NYPD ব্যতীত অন্য কোনো এজেন্সি যদি স্কুল কর্মীদের প্রশ্ন করতে চায়, তাহলে সিনিয়র ফিল্ড কাউন্সিলের সাথে যোগাযোগের। (VI.C.1)
- অগ্রাধিকার যোগ করে যে, স্কুলের সাথে সম্পৃক্ত নয় এমন অপরাধের ইন্টারভিউ স্কুল সময়ের বাইরে পরিচালিত হবে। (VI.B.2)
- যদি NYPD অথবা তদন্তকারী এজেন্সি কোনো স্কুল সম্পৃক্ত নয় এমন ঘটনায় স্কুল সময়ে কর্মীদের ইন্টারভিউ করতে চায়, সেক্ষেত্রে কীভাবে জরুরি পরিস্থিতি অথবা অব্যাহত বিপদের হুমকির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা তার বিস্তারিত যোগ করে। (VI.B.2)
- শিক্ষার্থী নিগ্রহ, দুর্ব্যবহার অথবা অবহেলা সংক্রান্ত অভিযোগের রিপোর্ট করার ব্যাপারে পূর্ণ তথ্যের জন্য Chancellor's Regulation A-750-এ রেফার করে, এবং এই প্রবিধান থেকে অসম্পূর্ণ বিস্তারিত অপসারণ করে। (VI.B.3)

সেকশন VII

- স্কুলের জিম্মায় কোনো নিষিদ্ধ থাকবে না সেই প্রক্রিয়াসমূহ হালনাগাদ করে, এবং সকল নিষিদ্ধ জিনিস অবশ্যই বাজেয়াপ্ত করা হবে এবং সেগুলি প্রামাণিক দলিলসহ প্রিসিংক্টে নিয়ে যাওয়া হবে। (VII.A, B)

- নিষিদ্ধ কিন্তু বেআইনী নয় এমন জিনিস যা স্কুল কমিউনিটির জন্য বিপজ্জনক সেগুলির ক্ষেত্রে যেসব প্রক্রিয়া অনুসরণ করা হবে তার বিবৃত করে, এর অন্তর্ভুক্ত পিতামাতার সাথে যোগাযোগ, যদি পিতামাতা 30 স্কুল দিবসের পরেও কোনো জিনিস পুনরুদ্ধার না করে থাকে তেমন কিছু হস্তান্তর করা। (VII.C)
- সেল ফোন বিষয়ের আলোচনা অপসারণ করে।

সেকশন VIII

- শিক্ষার্থী রেকর্ড থেকে তথ্যের জন্য অনুরোধ কীভাবে A-820 অনুযায়ী পরিচালনা করতে হবে সেটি হালনাগাদ করে। (VIII.A)

NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-412**
বিষয়: **স্কুলে নিরাপত্তা**
শ্রেণি: **শিক্ষার্থীবৃন্দ**
ইস্যুর তারিখ: **21 ডিসেম্বর, 2023**


## সারসংক্ষেপ

এই প্রবিধান 4 নভেম্বর, 2006 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-412 কে রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়। এই প্রবিধান স্কুলে সুরক্ষা এবং নিরাপত্তা বজায় রাখায় স্কুল কর্মীদের দায়িত্বের বিবরণ দেয়। এটি বিভিন্ন প্রক্রিয়ারও বিবরণ দেয় যা অবশ্যই অনুসরণ করা হবে যখন নিষিদ্ধ জিনিসের প্রামাণিক নিয়মকানুনের সাথে সাথে কোনো অভিযুক্ত স্কুল-সম্পর্কিত অপরাধ অথবা ঘটনা ঘটে।


## I. একটি সুরক্ষিত, নিরাপদ এবং ইতিবাচক স্কুল পরিবেশ বজায় রাখা

A. সাধারণ তত্ত্ব এবং নীতি

1. পাবলিক স্কুলসমূহের আশে পাশে একটি শৃঙ্খলাপূর্ণ ও নিরাপদ পরিবেশ বজায় রাখা গুরুত্বপূর্ণ যেখানে শিক্ষার্থীরা তাদের উচ্চ অ্যাকাডেমিক মান পূরণ, শিক্ষকগণ ঐ মান অর্জনে শিক্ষাদান করতে পারেন, এবং পিতামাতাগণ যাতে নিশ্চিত থাকতে পারেন যে, একটি নিরাপদ পরিবেশে তাদের ছেলেমেয়েরা শিক্ষা লাভ করছে। এই প্রবিধানে যখনই "পিতামাতা" শব্দটি ব্যবহৃত হয়েছে, তখন এর অর্থ হচ্ছে শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক(গণ), শিক্ষার্থীর সঙ্গে পিতামাতা বা হেফাজতকারীর সম্পর্কে আবদ্ধ ব্যক্তি(বর্গ) যেমনটি চ্যান্সলরের প্রবিধান A-101-এ বর্ণিত।

2. সকল শিক্ষার্থী, স্টাফ, এবং পিতামাতার জন্য সুরক্ষিত, নিরাপদ, এবং ইতিবাচক স্কুল পরিবেশ সকল স্কুল যাতে প্রদান যাতে সে বিষয়টি নিশ্চিত করতে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (NYCDOE) প্রতিশ্রুতিবদ্ধ। একটি সুরক্ষিত এবং ইতিবাচক স্কুল পরিবেশ অবশ্যই শারীরিক নিরাপত্তা এবং সুস্থতার জন্য সহিংসতা, আগ্নেয়াস্ত্র, ড্রাগ এবং অন্যান্য হুমকি মুক্ত হবে; স্কুল জনগোষ্ঠিকে আবেগজনিত এবং মনস্তাত্ত্বিক সুরক্ষা প্রদান করবে; প্রোথিত হবে আস্থার সম্পর্কে এবং প্রাপ্তবয়স্ক ও শিক্ষার্থীদের মাঝে খোলামেলা যোগাযোগে; শিক্ষার্থীদেরকে বিচার করবে সমমানে; এবং উন্মুক্ত আলোচনা বৃদ্ধি করবে যেখানে বৈচিত্র এবং ভিন্নতা মর্যাদা পাবে, এবং দ্বন্দ্বের যথাযথ নিষ্পত্তি হবে।

3. সুরক্ষিত এবং নিরাপদ স্কুল পরিবেশ প্রতিষ্ঠা DOE, সকল স্কুল কর্মী সদস্য, শিক্ষার্থী, পিতামাতা, স্কুল সেফটি এজেন্ট (SSAs) এবং নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টের (NYPD) স্কুল সেফটি ডিভিশন (SSD)- এর একটি সম্মিলিত দায়িত্ব। স্কুল কর্মী সদস্য/স্কুল কর্মী এই পরিভাষা, যখনই প্রবিধানে ব্যবহৃত হয়, তখন সেটি দিয়ে কোনো স্কুলের সকল DOE শিক্ষা-সংশ্লিষ্ট এবং যারা শিক্ষার সাথে জড়িত নয় এমন কর্মীদের বোঝায়।

4. স্কুল-সম্পর্কিত ঘটনা ঘটলে যে ব্যবস্থা প্রক্রিয়া অবশ্যই অনুসরণ করতে হবে এই প্রবিধান সেটির বিবরণ দেয়। এই প্রবিধানের উদ্দেশ্যে একটি স্কুল-সম্পর্কিত ঘটনা কোনো স্বাস্থ্য অথবা সুরক্ষার ঘটনা যা স্কুল সময়ের আগে, স্কুল সময়ে, স্কুল সময়ের পরে স্কুল সম্পত্তিতে ঘটে; যখন DOE অর্থায়িত পরিবহনে চড়ার সময়ে; অন-লাইনে; সকল স্কুল আয়োজিত অনুষ্ঠানে; স্কুলের বাইরের সম্পত্তি যা স্কুলের সাথে জড়িত সেখানে ঘটে, যে ঘটনা শিক্ষার্থী, স্কুল কর্মী, এবং/অথবা স্কুল কমিউনিটির স্বাস্থ্য, সুরক্ষা, কল্যাণকে ক্ষতিগ্রস্ত করতে পারে। স্কুল সংশ্লিষ্ট ঘটনার মধ্যে আছে অভিযুক্ত অপরাধের ঘটনা, স্কুল বা DOE-কে পরবর্তী পদক্ষেপ গ্রহণের প্রয়োজন হতে পারে, এমন অপরাধ-বহির্ভূত ঘটনা, দুর্ঘটনা ও জরুরি চিকিৎসা সংক্রান্ত, তবে তা এগুলোর মধ্যে সীমিত নয়।

5. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এবং স্কুল স্টাফদেরকে অবশ্যই আবশ্যিক বিজ্ঞপ্তির পরবর্তী-পদক্ষেপ গ্রহণ, প্রতিবেদন প্রদান ও অনুসন্ধান, বিভিন্ন ঘটনা ও শিক্ষার্থী এবং DOE ও স্কুলে কর্মরত DOE-বহির্ভূত স্টাফদের অদসাচারণ সম্পর্কে নিচে এবং চ্যান্সেলরের প্রবিধানে বেঁধে দেওয়া এ ধরনের পদক্ষেপের সময়সীমা, এবং পরবর্তী পদক্ষেপ গ্রহণের বাধ্যবাধকতা মেনে চলতে হবে।

6. যেসব ক্ষেত্রে এই প্রবিধান অনুযায়ী আবশ্যক হয় পিতামাতা অবহিতকরণ, শিক্ষার্থী প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে নিরাপত্তা উদ্বেগের বিষয়ে পিতামাতাকে অবহিতকরণের ব্যাপারে উদ্বেগ প্রকাশ করলে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি শিক্ষার্থীর জন্য যথাযথ সহায়তা এবং গোপনীয়তা ও নিরাপত্তা বিবেচনা করে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি কীভাবে সংবেদনশীলভাবে অবহিত করবেন, সেটা সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে আলোচনা করে নির্ধারণ করবেন।

7. সকল স্কুল স্টাফ এই প্রবিধানে বেঁধে দেওয়া প্রক্রিয়াগুলো সম্পর্কে অবহিত আছেন, সেটা নিশ্চিত করার জন্য প্রিন্সিপালগণ দায়িত্বশীল।

8. এই প্রবিধানে বর্ণিত প্রক্রিয়াগুলি মেনে চলা বাধ্যতামূলক। এই প্রক্রিয়াগুলি মেনে চলতে ব্যর্থ হলে, শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ করা হতে পারে যার মধ্যে আছে চাকরিচ্যুতি।

B. স্কুল সেফটি এজেন্ট ও NYPD

1. স্কুল কমিউনিটিরএকটি সমন্বিত অংশ হলো SSA (স্কুল সেফটি এজেন্ট) এবং DOE-এর শিক্ষাগত লক্ষ্য এগিয়ে নিয়ে যেতে ও সহায়তা দিতে স্কুলের নিরাপত্তাবিধানের জন্য দায়বদ্ধ, এবং তা হবে DOE, NYPD এবং সিটি অভ নিউ ইয়র্কের মধ্যস্থ চলমানসমঝোতা স্মারক এবং প্রযোজ্য NYPD পেট্রল গাইড প্রক্রিয়া (215-13, 215-17) অনুসারে।

2. স্কুলের নিরাপত্তা, স্কুলের পরিবেশ, এবং প্রাত্যহিক স্কুল পরিচালনার ব্যাপারে প্রিন্সিপাল এবং SSA-দেরকে অবশ্যই একে অপরের সাথে পরামর্শ করতে ও সহযোগিতামূলকভাবে কাজ করতে হবে।

3. দর্শনার্থী নিয়ন্ত্রণ, স্কুলভবন টহল দেওয়া, জরুরি পরিস্থিতিতে সাড়া দেওয়া, শিক্ষার্থীদের তল্লাশী ও ধাতু শনাক্তকারী দ্বারা পরীক্ষা করা হলো SSA-দের নিরাপত্তাবিধানমূলক কাজ তবে তা এগুলোতেই সীমিত নয়। শিক্ষার্থীদের তল্লাশির বাড়তি শর্তাবলী ও তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-432 এবংডিস্ট্রিক্ট ভিত্তিকআচরণবিধি দেখুন।

4. DOE স্টাফগণ প্রাথমিকভাবে অপরাধমূলক নয় যেসব শিক্ষার্থী-অসদাচরণ, সেগুলো মোকাবেলা ও নিয়ন্ত্রণের জন্য দায়বদ্ধ। এ ধরণের অসদাচরণের মধ্যে আছে এগুলো, তবে তা এগুলোতেই সীমিত নয়: এমন আচরণি লিপ্ত হওয়া যা শিক্ষাপ্রক্রিয়াকেব্যাহত করে (যেমন অতিরিক্ত কোলাহল করা); বাধ্যতামূলক পোশাক পরতে ব্যর্থ হওয়া, ক্লাস ফাঁকি দেওয়া; স্কুলে বা ক্লাসে বিলম্বে আসা, স্কুলে অনাকাঙ্ক্ষিত অনুপস্থিতি; কথাবার্তায় রূঢ় বা মানহানিকর আচরণ করা; শিক্ষা প্রক্রিয়া ব্যাহত করে, এমন কাপড়, মস্তকাবরণ বা অন্য কোনো কিছু পরিধান করা; ধুমপান এবং/অথবা ইলেক্ট্রনিক সিগারেট সেবন করা এবং/অথবা ম্যাচ বা লাইটার সাথে রাখা; জুয়া খেলা; স্কুলের কমপিউটার, ফ্যাক্স মেশিন, টেলিফোন, এবং/অথবা ইলেক্ট্রনিক যন্ত্রপাতি বা ডিভাইস যথাযথ অনুমোদন ছাড়া ব্যবহার করা; মিথ্যা বলা, অসত্য তথ্যড প্রদান করা, কিংবা অন্য কোনোভাবে স্কুলের কর্মচারিদের বিভ্রান্ত করা; এবং অপরের কোনো জিনিস অপব্যবহার করা। অপরাধ-সংশ্লিষ্ট নয়, স্কুল স্টাফ নিরাপদে নিয়ন্ত্রণ করতে বা ব্যবস্থা নিতে পারেন, শিক্ষার্থীদের এমন হাল্কা অসদাচরণের ক্ষেত্রে স্কুল স্টাফদের উচিত নয় SSA কিংবা NYPD (এদের মধ্যে আছে স্কুল সেফটি ডিভিশন)-কে ডাকা। প্রযোজ্য হলে, স্কুল স্টাফ কোনো SSA-এর কাছে স্কুল-ভিত্তিক কোনো হস্তক্ষেপ বা সহায়তা বাস্তবায়নে (যেমন শিক্ষার্থীকে সঙ্গে নিয়ে ডিন অফিসে যাওয়া) সংশ্লিষ্ট স্টাফকে সহযোগিতার অনুরোধ জানাতে পারেন।

C. বিল্ডিং রেসপন্স টিম

1. স্কুল বা স্কুলের আশেপাশে কোনো জরুরি পরিস্থিতি উদ্ভব হলে প্রথম সাড়াদানকারীরা উপস্থিতির পূর্ব পর্যন্ত সমন্বয়কারী হিসেবে কাজ করার জন্য সকল স্কুল বা ক্যাম্পাসে অবশ্যই একটি করে বিল্ডিং রেসপন্স টিম (BRT) প্রতিষ্ঠা করতে হবে।

2. BRT-কে ন্যূনতমভাবে অবশ্যই একজন BRT লিডার, ইমার্জেন্সি অফিসার, ইনসিডেন্ট অ্যাসেসর, স্পেশাল নিডস্ কোঅর্ডিনেটর, অ্যাসেম্বলি পয়েন্ট কোঅর্ডিনেটর এবং রেকর্ডার অন্তর্ভুক্ত করতে হবে।

3. প্রযোজ্য হলে, প্রতিটি ভবনে অবশ্যই DOE-এর স্পন্সর করা কমিউনিটি-বেজড্ অর্গ্যানাইজেশনের (CBO) সহযোগিতায় পরিচালিত আফটার স্কুল প্রোগ্রামের জন্য একটি স্কুল ছুটির পরের BRT প্রতিষ্ঠা করতে হবে।

## II. স্কুল-সম্পর্কিত ঘটনা যার জন্য জরুরি চিকিৎসা সহায়তা প্রয়োজন

A. যখন কোনো ব্যক্তির শারীরিক আঘাতপ্রাপ্তি বা অসুস্থতার কারণে অবিলম্বে চিকিৎসা সাহায্য প্রয়োজন হয়, সাড়াদানকারী স্কুল স্টাফ/SSA-কে অবশ্যই 1) অনতিবিলম্বে EMS/ফায়ার ডিপার্টমেন্টকে সচল করতে 911-এ ফোন করতে হবে; 2) এর পরেই অনতিবিলম্বে মেইন অফিস/মেইন ডেস্ক বা অপর সকল যোগাযোগের স্থানে জানাতে হবে লভ্য হলে একজন প্রশিক্ষিত পেশাদার স্বাস্থ্য প্রদানকারীর (যেমন হেলথ্ এইড, নার্স, চিকিৎসক, নার্স প্র্যাকটিশনার, বা ফিজিশিয়ান্স অ্যাসিস্ট্যান্ট) ব্যবস্থা করার জন্য; এবং 3) তারপর প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জানাতে হবে। আচরণগত সমস্যাগ্রস্থ শিক্ষার্থী এবং সঙ্কট প্রশমন প্রসঙ্গে চ্যান্সেলরের প্রবিধান A-411 এবং আত্মহত্যা প্রতিরোধ প্রক্রিয়া প্রসঙ্গে চ্যান্সেলরের প্রবিধান A-755 দেখুন এবং যথাযথভাবে তার সাথে সংশ্লিষ্ট 911 ব্যবহার করুন।

B. প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই তাৎক্ষণিক ঘটনাস্থলে যাবেন এবং সহায়তা আবশ্যক ব্যক্তি শিক্ষার্থী হলে তার পিতামাতার সাথে যোগাযোগ করবেন। শিক্ষার্থী প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে নিরাপত্তা উদ্বেগের বিষয়ে পিতামাতাকে অবহিতকরণের ব্যাপারে উদ্বেগ প্রকাশ করলে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি শিক্ষার্থীর জন্য যথাযথ সহায়তা এবং গোপনীয়তা ও নিরাপত্তা বিবেচনা করে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি কীভাবে সংবেদনশীলভাবে অবহিত করবেন, সেটা সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে আলোচনা করে নির্ধারণ করবেন।

C. পেশাদার চিকিৎসা সহায়তা/স্বাস্থ্যসেবা পরিবহন না পাওয়া পর্যন্ত ব্যক্তিটির তাৎক্ষণিক শারীরিক প্রয়োজনে আবশ্যিক প্রাথমিক চিকিৎসা অবশ্যই চ্যান্সেলরের প্রবিধান A-701 অনুসারে দিতে হবে।

D. চিকিৎসা-সহায়তার চাহিদাযুক্ত ব্যক্তি শিক্ষার্থী হলে এবং পিতামাতা তাদের সন্তানকে হাসপাতালে স্থানান্তর না করার অনুরোধ জানালে,'ফায়ার ডিপার্টমেন্ট অভ নিউ ইয়র্ক' (FDNY)-এর রিফিউজাল অভ মেডিকেল অ্যাসিস্ট্যান্স সংক্রান্ত নীতি ও প্রক্রিয়া অনুযায়ী পিতামাতার অনুরোধ রক্ষা করা হবে কি না, সে সিদ্ধান্ত নেবেন এবং পরামর্শ দেবেন উপস্থিত 911 সাড়াদানকারীগণ।

E. চিকিৎসা-সহায়তার চাহিদাযুক্ত ব্যক্তি শিক্ষার্থী হলে এবং তার পিতামাতার সাথে যোগাযোগ করা সম্ভব না হলে বা স্কুলে উপস্থিত না হলে শিক্ষার্থীকে হাসপাতালে স্থানান্তর করা হবে কি না, সে সিদ্ধান্ত নেবেন উপস্থিতি 911 সাড়াদানকারীগণ।

F. যেসব পরিস্থিতিতে উপস্থিত 911 সাড়াদানকারীগণ শিক্ষার্থীকে হাসপাতালে স্থানান্তরের সিদ্ধান্ত নেন এবং পিতামাতা স্কুলে উপস্থিত না হন, স্কুলের স্টাফদের একজন অবশ্যই শিক্ষার্থীর সাথে হাসপাতালে যাবেন, অথবা 911 সাড়াদানকারীদের দ্বারা নির্দেশিত হলে শিক্ষার্থীর সাথে যাবেন। যদি পিতামাতা হাসপাতালে স্কুল স্টাফের স্কুল দিবস শেষ হওয়ার আগে না পৌঁছান, তাহলে পরবর্তী নির্দেশের জন্য কর্মী সদস্যকে অবশ্যই প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তের সঙ্গে যোগাযোগ করতে হবে।

## III. স্কুল-সংশ্লিষ্ট ঘটনাপ্রতিবেদন ও নথিভুক্তিকরণ

অভিযুক্ত অপরাধ ও অপরাধমূলক নয় এমন স্কুল-সংশ্লিষ্ট ঘটনা, ঘটনাটির ফলশ্রুতিতে আহত হওয়ার, এবং যেসব ঘটনার জন্য জরুরি চিকিৎসা সাহায্য আবশ্যক হয়ে, সেগুলোর পূর্ণ ও সঠিক প্রতিবেদন ও নথিভুক্তিকরণ স্কুলে নিরাপত্তা ও শৃঙ্খলাবিধানের জন্য অত্যাবশ্যক। এসব ঘটনার প্রতিবেদন ও নথিভুক্তিকরণের আবশ্যিকতা নিম্নলিখিত নিয়ম অনুযায়ী নির্ধারিত।

তথ্যের সূত্র যাই হোক না কেন এবং গোপনীয়তার অনুরোধ সত্ত্বেও শর্তগুলি অবশ্যই মানতে হবে। গোপনীয়তা সংক্রান্ত প্রশ্ন ও আনুকূল্য-স্বরূপ তথ্য অবশ্যই সিনিয়র ফিল্ড কাউন্সেল-এর কাছে পাঠাতে হবে। স্কুলের সময় বহির্ভূত সময়ে স্কুল-ভবন ব্যবহারকারী সংগঠনগুলোর জন্য ঘটনা অবহিতকরণ প্রতিবেদন তৈরির প্রক্রিয়া দেখুন চ্যান্সেলরের প্রবিধান D-180-তে।

A. <u>ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এর ইমার্জেন্সি ইনফরমেশন সেন্টার (EIC)</u>

1. স্কুল সংক্রান্ত ঘটনায় যখনি NYPD ডাকা হয় ও সাড়াদান করে বা কোনো অপরাধবিবর্জিত ঘটনা এবং/অথবা অসুস্থতা-সংক্রান্ত ঘটনা ঘটে যাতে জনস্বাস্থ্যে নিরাপত্তা ঝুঁকি থাকে বা গুলি, বোমাতঙ্ক, বাস দুর্ঘটনা, আত্মহত্যা প্রচেষ্টার মতো সংবাদ-গুরুত্ববহ ঘটনা ঘটে, সেসব ক্ষেত্রে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই ইমার্জেন্সি ইনফরমেশন সেন্টারকে জানাতে হবে। তদুপরি, অফিস অভ সেফটি অ্যান্ড ইউথ ডেভেলপমেন্ট (OSYD) বার্ষিকভিত্তিতে শিক্ষা বছরের শুরুতে স্কুলগুলোকে অপর কোন ধরনের স্কুল-সংক্রান্ত ঘটনা সম্পর্কে অবহিত করতে হবে, সেটা EIC-কে জানাবে।

2. যখন EIC একটি প্রতিবেদন পাবে, তখন EIC অনলাইন অকারেন্স রিপোর্ট (OORS রিপোর্ট)-এর সূত্রপাত ঘটাবে অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম (OORS)-এ। EIC স্কুলে একটি কন্ট্রোল নম্বর প্রদান করবে। এক স্কুল দিবসের মধ্যে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই OORS প্রতিবেদন পর্যালোচনা, প্রযোজ্য হলে হালনাগাদ, এবং জমা করবেন।

3. যদি প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি কোনো স্কুল সংক্রান্ত ঘটনা সম্পর্কে সচেতন হন যেটিকে অবশ্যই EIC-তে EIC-এর কাজের সময়ের পরে (যেমন সাপ্তাহিক কর্মদিবসে স্কুল ছুটির পর বা সপ্তাহান্তে কিংবা কোনো ছুটির দিন যখন স্কল অধিবেশন থাকে না), তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই অবিলম্বে ঘটনাটির প্রতিবেদন বরো সেফটি ডিরেক্টরকে জানাতে হবে এবং ঘটনাটি সম্পর্কে OSYD-এর তৈরি নমুনা ব্যবহার করে EIC-কে একটি ইমেইল দিতে হবে।

B. <u>অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম (OORS)</u>

1. ব্যাখ্যা করে যে, DOE অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম (OORS) হলো সকল স্কুল-সম্পর্কিত ঘটনার দাপ্তরিক ঘটনার প্রতিবেদন করার সিস্টেম।

2. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই ঘটনাটি সম্পর্কে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবহিত হওয়ার এক স্কুল দিবসের মধ্যে প্রযোজ্য ঘটনার কোড ব্যবহার করে স্কুল সংক্রান্ত ঘটনার একটি OORS প্রতিবেদন তৈরি ও জমা দিতে হবে। প্রতিবেদনে অন্য অনেক কিছুর মধ্যে ঘটনার একটি পূর্ণ, বস্তুনিষ্ঠ বিবরণ অন্তর্ভুক্ত হতে হবে, তবে তাতে কোনো শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থার বিশদ বিবরণ অন্তর্ভুক্ত হবে না, হোক সেটা প্রস্তাবিত বা গৃহীত। যখন প্রয়োজন হবে, ঘটনাটির সাথে সংশ্লিষ্ট বাড়তি নতুন তথ্য পাওয়ার এক স্কুল দিবসের মধ্যে প্রতিফলনের জন্য প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই OORS প্রতিবেদনে হালনাগাদ করতে হবে। যদি প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি যদি কোনো ঘটনার কোড হালনাগাদ করতে চান, তাহলে তাকে অবশ্যই সেটা বিবেচনার জন্য osyddata@schools.nyc.gov ইমেইল ঠিকানায় একটি অনুরোধ জমা দিতে হবে।

3. তদন্তের অংশ হিসেবে সংশ্লিষ্ট পক্ষ এবং অন্যান্য সংশ্লিষ্টতাযুক্ত সাক্ষীদেরকে অবশ্যই প্রযোজ্য প্রবিধান অনুযায়ী সাক্ষীর জবানবন্দি তৈরি করতে বলতে হবে। সাক্ষীদের জবানবন্দি অবশ্যই তৈরি OORS-এর কাছে জমা দিতে হবে।

4. প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই সংশ্লিষ্ট পক্ষসমূহ ও সাক্ষীদের জন্য যেসব হস্তক্ষেপ ও সহায়তা প্রদান করা হয়েছে এবং নিষিদ্ধ আচরণে সম্পৃক্ত থাকা শিক্ষার্থীর বিরুদ্ধে যে শৃঙ্খলাজনিত পদক্ষেপ গৃহীত হয়েছে, OORS-এ তা প্রদান করতে হবে।

5. OORS-এ তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তিকে OORS প্রতিবেদন তৈরির জন্য তথ্য অন্তর্ভুক্তির নীতি ও প্রক্রিয়া সম্পর্কে প্রশিক্ষিত হতে হবে।

## IV. স্কুল-সম্পর্কিত ঘটনা অবহতিকরণের শর্তসমূহ

অপরাধসংযুক্ত এবং অপরাধ-বর্জিত অসদাচরণের স্কুল-সংশ্লিষ্ট ঘটনায় কোনো শিক্ষার্থী, DOE বা কোনো স্কুলে কর্মরত DOE-বহির্ভূত স্টাফের দ্বারা সংঘটিত হয়েছে বলে অভিযোগ করা হলে, সেসব ক্ষেত্রে নিম্নলিখিতগুলো বাধ্যতামূলক অবহিতকরণ নির্দিষ্ট করে দেয় । তথ্যের সূত্র যাই হোক না কেন এবং গোপনীয়তার অনুরোধ সত্ত্বেও শর্তগুলি অবশ্যই মানতে হবে। গোপনীয়তা সংক্রান্ত প্রশ্ন ও আনুকূল্য-স্বরূপ তথ্য অবশ্যই সিনিয়র ফিল্ড কাউন্সেল বা অফিস অভ জেনারেল কাউন্সেল-এর কাছে পাঠাতে হবে।

A. শিক্ষার্থীদের অসদাচরণ

1. শিক্ষার্থীগণ কর্তৃক সংঘটিত অপরাধ

a. স্কুলের কোনো স্টাফ, SSA কিংবা স্কুলে কর্মরত অপর DOE-বহির্ভূত কর্মচারি (যেমন CBO স্টাফ, কাস্টোডিয়ান, সাক্ষী)-কে কোনো শিক্ষার্থী কর্তৃক সংঘটিত কোনো স্কুল সংক্রান্ত তথ্য বা অভিযোগের বিষয়ে জানানো যাতে শিক্ষার্থী স্টাফ, বা স্কুল কমিউনিটির জন্য বিপদের আশঙ্কা থাকে, তেমন সকল ক্ষেত্রে তাদেরকে:

i. অবিলম্বে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জানাতে হবে;

ii. ঘটনাটি তাৎক্ষণিকভাবে কোন নিরাপত্তাজনিত জরুরি পরিস্থিতির সৃষ্টি করলে, অবশ্যই পুলিশে জানাবেন

এবং তারপর প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে সুপারিশ দেবেন:

b. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সাথে সাথে NYPD-কে (যদি না NYPD-এর সাথে ইতোমধ্যে যোগাযোগ করা না হয়ে থাকে) এবং SSA.জানাতে হবে । যদি প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি আচরণটি কোনো অপরাধমূলক কি না, সেটা নিশ্চিত না হন, তাহলে সিনিয়র ফিল্ড কাউন্সেল-এর সাথে পরামর্শ করতে হবে।

c. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে সর্বতো চেষ্টা করতে হবে অবিলম্বে ঘটনায় অভিযুক্ত ও শিকার হওয়া শিক্ষার্থীদের পিতামাতাদের সাথে, প্রযোজ্য ক্ষেত্রে সুপারিনটেনডেন্ট, এবং বরো সেফটি ডিরেক্টরকে অবহিত করার।

d. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে একটি OORS প্রতিবেদনের সূচনা করার জন্য অবশ্যই EIC-এর সাথে যোগাযোগ করতে হবে।

e. শিক্ষার্থীদের গ্রেফতারের প্রক্রিয়া জানতে সেকশন V দেখুন।

2. অপরাধ-বর্জিত শিক্ষার্থী অসদাচরণ

a. স্কুল-সংশ্লিষ্ট অপরাধ-বর্জিত শিক্ষার্থী অসদাচরণ মোকাবেলা ও সাড়াদানের জন্য স্কুল স্টাফগণ প্রাথমিকভাবে দায়বদ্ধ: যথাযথ ক্লাসরুম ব্যবস্থাপনা এবং প্রশমন কৌশলের ব্যবহার; স্কুলের বিভিন্ন স্তরের সুপারিশ-ব্যবস্থা বাস্তবায়ন; এবং সিটিওয়াইড বিহেভিওরাল এক্সপেকটেশন টু সাপোর্ট লার্নিং (শৃঙ্খলাবিধি) অনুযায়ী নিয়মানুবর্তিতা, সহায়তা এবং হস্তক্ষেপ আরোপ এবং প্রযোজ্য চ্যান্সেলরের প্রবিধান ও DOE নীতি বাস্তবায়ন। অপরাধ-বর্জিত অসদাচরণের জন্য শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থা বা পদক্ষেপ হিশেবে সকল পরিস্থিতিতে কোনোভাবেই 911-এ কল করা যাবে না।

b. স্টাফদের কেউ বা কোনো SSA স্কুলে শৃঙ্খলাবিধানমূলক পদক্ষেপ গ্রহণ বা অন্য কোনো পরবর্তী পদক্ষেপ গ্রহণ প্রয়োজন, শিক্ষার্থীর দ্বারা এমন স্কুল সংক্রান্ত কোনো অপরাধ-বর্জিত ঘটনা সংঘটিত হতে প্রত্যক্ষ করলে বা অবহিত হয়ে থাকলে সকল ঘটনায় তাদেরকে অবশ্যই অবিলম্বে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জানাতে হবে যাতে স্কুল যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে সক্ষম হয়।

c. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই উপরে সেকশন III.B অনুযায়ী একটি OORS প্রতিবেদন তৈরি করতে ও জমা দিতে হবে।

3. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এবং স্কুল স্টাফকে অবশ্যই অব্যাহতভাবে বাধ্যতামূলক অবহিতকরণ, প্রতিবেদন ও অনুসন্ধান প্রক্রিয়া মেনে চলা, এসব প্রক্রিয়ার বেঁধে দেওয়া সময়সীমা ও শর্তাবলীর প্রক্রিয়া, শিক্ষার্থী অসদাচরণ যার জন্য স্কুলের শৃঙ্খলাবিধানমূলক পদক্ষেপ গ্রহণ বা পরবর্তী ব্যবস্থা গ্রহণ আবশ্যক হতে পারে, শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থী যৌন হয়রানি, এবং শিক্ষার্থীর প্রতি শিক্ষার্থীর বৈষম্যকরণ, হয়রানি, ভীতি-প্রদর্শন এবং বুলিইং বা মাস্তানির জন্য আচরণগত সমস্যাযুক্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য চ্যান্সেলরের প্রবিধান অনুসারে পরবর্তী

পদক্ষেপ গ্রহণ করতে হবে। বাড়তি তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-411, A-443, A-831,এবং A-832 দেখুন।

B. DOE এবং স্কুলে কর্মরত DOE বহির্ভূত কর্মচারিদের দ্বারা সংঘটিত অসদাচরণ

1. অপরাধমূলক আচরণ ও যৌন অসদাচরণ যাতে DOE শিক্ষার্থী সংশ্লিষ্ট

a. এমন সব ক্ষেত্রে, যেখানে কোনো DOE কর্মচারি, NYPD কর্মকর্তা, SSA, কিংবা স্কুলে কর্মরত অন্য কোনো DOE-বহির্ভূত কর্মচারি, কোনো স্কুল স্টাফ বা DOE-বহির্ভূত কর্মচারি বা স্কুলের প্রোগ্রামের বা পরিষেবার সাথে সংশ্লিষ্ট স্কুলে কর্মরত একজন স্বেচ্ছাসেবাদানকারীর মতো কোনো ব্যক্তি সংশ্লিষ্ট আছেন বলে প্রত্যক্ষ করেন বা তথ্য প্রাপ্ত হন যে: 1) তিনি একটি স্কুল-সংশ্লিষ্ট অপরাধ সংঘটন করেছেন; কিংবা 2) স্কুলের পরিসীমার অভ্যন্তের কোনো DOE শিক্ষার্থীর সাথে যৌন অসদাচরণে লিপ্ত হয়েছেন, সে অসদাচরণ অপরাধমূলক হোক বা না, তাদেরকে অবিলম্বে:

i. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এবং সুপারিনটেনডেন্টকে অবশ্যই জানাবেন;

ii. কথিত অসদাচরণটি অপরাধমূলক হরে এবং ঘটনাটি তাৎক্ষণিকভাবে কোন নিরাপত্তাজনিত জরুরি পরিস্থিতির সৃষ্টি করলে, অবশ্যই NYPD-কে জানাবেন এবং তারপর প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে পরামর্শ দেবেন;

iii. কোন শিক্ষার্থী যদি সন্দেহজনক অপরাধমূলক কর্মকাণ্ডের শিকার হয়, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই পিতামাতাকেও জানাবেন; এবং

iv. SCI-কে অবহিত করবেন। অবহিতকরণের পর প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সে অভিযোগ নিয়ে অবশ্যই কোনো তথ্য সংগ্রহ বা অনুসন্ধান করবেন না।

b. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই:

i. অভিযোগটি অপরাধমূলক হলে NYPD-কে (যদি না NYPD-কে উপরের সেকশন IV.B.1 অনুসারে ইতোমধ্যে না জানানো হয়ে থাকে) এবং SSA-কে জানাবেন;

ii. কোনো শিক্ষার্থী সংশ্লিষ্ট থাকলে পিতামাতাকে জানাবেন; এবং

iii. একটি OORS প্রতিবেনের সূচনা করতে EIC-এর সাথে যোগাযোগ করবেন।

2. অন্যান্য অসদাচরণ

প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এবং স্কুল স্টাফদেরকে অবশ্যই আবশ্যিক বিজ্ঞপ্তির পরবর্তী-পদক্ষেপ গ্রহণ, প্রতিবেদন প্রদান ও অনুসন্ধান, বিভিন্ন ঘটনা ও DOE ও স্কুলে কর্মরত DOE-বহির্ভূত স্টাফদের অদসাচারণ সম্পর্কে DOE এবং নিউ ইয়র্ক সিটি নীতি অনুসারে এ ধরনের

পদক্ষেপের বিষয়ে SCI-কে অবহিত করণ, সময়সীমা, এবং পরবর্তী পদক্ষেপ গ্রহণের বাধ্যবাধকতা মেনে চলতে হবে। উদাহরণস্বরূপ দেখুন চ্যান্সেলরের প্রবিধান A-420, A- 421, এবং A -830, এবং নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্টগুলোর জন্য স্পেশাল কমিশনার – অভ ইনভেস্টিগেশন (nycsci.org) .

## V. শিক্ষার্থীদের গ্রেফতার

A. কোনো শিক্ষার্থীকে গ্রেফতার করার বা কোনো ধরনের অপরাধমূলক প্রক্রিয়া জারির আগে NYPD অফিসার এবং SSA-গণ বাস্তবে যতটুকু সম্ভব পূর্ণাঙ্গরূপে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির সাথে আলোচনা করবেন, তবে আসন্ন বিপদ রয়েছে এবং তাৎক্ষণিকভাবে গ্রেফতার আপশ্যক, এমন পরিস্থিতে হবে এর ব্যতিক্রম। প্রযোজ্য হলো প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি কোনো প্রিসিঙ্কট সুপারভাইজারের সাথে আলোচনা করতে পারবেন।

B. যদি কোনো ঘটনার অবিলম্বে গ্রেফতার করা আবশ্যক হয় এবং তার আগে আলোচনা সম্ভব হয় না, সেক্ষেত্রে NYPD অফিসার/SSA-কে অবশ্যই শিক্ষার্থীকে গ্রেফতার করার পর বাস্তবে যত শীঘ্র সম্ভব প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জানাতে হবে।

C. NYPD শিক্ষার্থীকে স্কুলের সাথে সম্পর্কহীন অপরাধমূলক অভিযোগে স্কুল পরিসীমার বাইরে গ্রেফতার করবে, সেটা এই কারণে যে এর ফলে অন্যদের নিরাপত্তা বিঘ্নিত হবে না। যদি NYPD কোনো শিক্ষার্থীকে স্কুলের সাথে সম্পর্কহীন অপরাধমূলক অভিযোগে স্কুলের পরিসীমানায় গ্রেফতার করতে চায়, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই তাদের বরো সেফটি ডিরেক্টর (BSD)-এর সাথে বাড়তি নির্দেশনার জন্য বৈঠক করতে হবে।

D. যখন কোনো শিক্ষার্থীকে গ্রেফতার করা হবে, তখন প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই অবিলম্বে তার পিতামাতামাকে জানাতে হবে। সুপারিনটেনডেন্টকেও দ্রুত জানাতে হবে।

E. কোনো শিক্ষার্থীকে গ্রেফতারের বেলায় শিক্ষার্থীর গোপনীয়তার অধিকারের প্রতি মর্যাদা প্রদর্শনের ব্যাপারে সর্বতো সচেষ্ট থাকতে হবে। জরুরি পরিস্থিতি না থাকলে, গ্রেফতারকারী অফিসারকে গ্রেফতার উদ্যোগ বাস্তবায়ন করতে হবে কোনো আধাসরকারি স্থান থেকে যা স্টাফ এবং অন্যান্য শিক্ষার্থীদের দৃষ্টির আড়ালে।

F. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সর্বতো চেষ্টা করতে হবে গ্রেফতারকারী NYPD কর্মকর্তার নাম ও ব্যাজ/ID সংগ্রহ করার এবং সেটাকে OORS প্রতিবেদনের অন্তর্ভুক্ত করার।

G. NYPD নীতি অনুযায়ী, শিক্ষার্থী বাঁধাদানকারী হলে SSA এবং NYPD কর্মকর্তাগণকে অবশ্যই ন্যূনতম প্রয়োজনীয় স্তরের জবরদস্তি ব্যবহার করতে হবে এবং সম্ভাব্য ক্ষেত্রে 12 বছরের কম বয়েসী শিক্ষার্থীর ক্ষেত্রে SSD কর্মকর্তার প্রাক-অনুমোদন ছাড়া অবশ্যই ধাতুর হাতকড়া ব্যবহার না করতে। সম্ভব হলে SSA এবং NYPD কর্মকর্তাদেরকে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির সাথে সমন্বয় রক্ষা করতে হবে যাতে শিক্ষার্থীকে হাতকড়া পরানর বা ধরে নেওয়ার আগে একটি আধাসরকারি অবস্থানে সরে যেতে পারে যা স্টাফ এবং অন্যান্য শিক্ষার্থীদের দৃষ্টির আড়ালে।

H. সকল পরিস্থিতিতে, যদি পিতামাতার সাথে যোগাযোগ করা না যায় বা NYPD কর্মকর্তা পিতামাতার আগমণের আগে শিক্ষার্থীকে নিয়ে চলে যান, তাহলে স্কুলের স্টাফদের একজনকে (SSA নয়) অবশ্যই

শিক্ষার্থীর সঙ্গে প্রেসিংক্ট-এ যেতে হবে। যদি শিক্ষার্থীর সঙ্গে যাওয়ার অনুমোদন প্রত্যাখ্যাত হয়, তাহলে স্কুল স্টাফকে অবিলম্বে প্রেসিঙ্কটে চলে যেতে হবে। শিক্ষার্থীর সাথে প্রিসিঙ্কটে যিনি যাবেন বা শিক্ষার্থীকে অনুসরণ করবেন, তাকে এমন ব্যক্তি হতে হবে যার জন্য গ্রেফতারের ঘটনাটি ঘটেনি অথবা তিনি একজন SSA হতে পারবেন না। স্কুল কর্মী সদস্যকে অবশ্যই শিক্ষার্থীর সাথে যুক্তিসঙ্গত সময়ের জন্য অথবা যে পর্যন্ত তার প্রয়োজন না শেষ হয়ে সে পর্যন্ত থাকতে হবে।

I. SSA একটি NYPD স্কুল সেফটি ইনসিডেন্ট রিপোর্ট প্রস্তুত করবে, যেটিতে অন্তর্ভুক্ত থাকবে নিচে উল্লিখিত: অপরাধসমূহ, লঘু অপরাধগুলি, এবং অস্ত্র-সম্পৃক্ত ঘটনা, নিয়ন্ত্রিত দ্রব্য, এবং অপরাধ প্রকৃতির গ্যাং-সম্পৃক্ত কর্মকাণ্ড। SSA যদি এইসব ধরনের যেকোন ঘটনার সাথে সরাসরি সংশ্লিষ্ট বা অবগত না থাকে, তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই SSA-কে ঘটনার মৌখিক বিবরণ দিতে হবে। SSA-কে অবশ্যই প্রতিবেদনের একটি অনুলিপি স্কুল সেফটি ডিভিশন যথাযথা মাধ্যমে অপারেশন সেন্টারে প্রেরণ করবেন।

## VI. শিক্ষার্থী এবং কর্মীদের প্রশ্ন জিজ্ঞেস করা

A. <u>সাধারণ প্রত্যাশা</u>

1. যখন NYPD, SCI, অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেস (ACS) কিংবা অন্যান্য তদন্তকারী সংস্থা কোনো শিক্ষার্থী এবং/অথবা স্কুলের স্টাফদের কাউকে জিজ্ঞাসাবাদ করতে চাইবে, তখন নিম্নলিখিত প্রক্রিয়া অবশ্যই অনুসরণ করতে হবে। কোনো স্টাফ বা শিক্ষার্থীর সাক্ষাৎকার গ্রহণের কোনো অনুরোধ জানানো হলে তা নিয়ে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি তাদের সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে যোগাযোগ করবেন।

2. শিক্ষার্থী বা স্টাফকে জিজ্ঞাসাবাদের অনুমোদিত হলে শিক্ষা ও শিক্ষকতায় যাতে কোনো ব্যাঘাত না ঘটে, সেজন্য সর্বতো চেষ্টা করতে হবে।

B. <u>শিক্ষার্থীকে জিজ্ঞাসাবাদ</u>

1. স্কুল-সংশ্লিষ্ট অপরাধ: যখন NYPD/অপর তদন্তকারী সংস্থা স্কুল-সংশ্লিষ্ট অপরাধের বিষয়ে কোনো শিক্ষার্থীকে স্কুলে জিজ্ঞাসাবাদ করেন, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে শিক্ষার্থীর পিতামাতার সাথে যোগাযোগের অবশ্যই যুক্তিসঙ্গত সর্বতো চেষ্টাকরতে হবে।

   a. যদি পিতামাতাকে পাওয়া যায়, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি এবং/অথবাা NYPD/ তদন্তকারী এজেন্সি অবশ্যই পিতামাতার সাথে পরামর্শ করে জেনে নিতে হবে যে পিতামাতা কীভাবে অগ্রসর হতে চান। যদি পিতামাতা আপত্তি না করেন, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই শিক্ষার্থীকে জিজ্ঞাসাবাদের অনুমতি প্রদান করবেন। যে কোনো জিজ্ঞাসাবাদে পিতামাতা উপস্থিত থাকতে চাইলে সে জিজ্ঞাসাবাদ অবশ্যই পিতামাতা আসার আগে শুরু হতে পারবে না। পিতামাতা আপত্তি করলে জিজ্ঞাসাবাদ করা না হতে পারে।

   b. যদি পিতামাতার সাথে যোগাযোগ করা না যায়, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি শিক্ষার্থীকে জিজ্ঞাসাবাদের অনুমোদন দিতে পারবেন না, যদি না NYPD/তদন্তকারী সংস্থা মনে করে যে, শিক্ষার্থীটির বিরুদ্ধে অপরাধসংশ্লিষ্ট কর্মকাণ্ডের অভিযোগ রয়েছে যার সাথে অব্যাহত আশু বিপদের হুমকি আছে কিংবা শিক্ষার্থীটি অভিযুক্ত না হলে,

সেক্ষেত্রে জরুরি পরিস্থিতির সম্পর্ক রয়েছে। যদি NYPD/তদন্তকারী সংস্থা জানায় যে সেখানে একটি আশু বিপদের হুমকি বা জরুরি পরিস্থিতির আশঙ্কা রয়েছে, তাহলে প্রিন্সিপালকে অবশ্যই সিনিয়র ফিল্ড কাউন্সেল বা সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে যোগাযোগ করা না গেলে অফিস অভ জেনারেল কাউন্সেলের সাথে বৈঠক করতে হবে।

c. একজন পিতামাতার অবর্তমানে NYPD/তদন্তকারী সংস্থার দ্বারা শিক্ষার্থীকে স্কুলে জিজ্ঞাসাবাদ করা হয়, এমন সব ক্ষেত্রে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই:জিজ্ঞাসাবাদের সময় উপস্থিত থাকতে হবে। যদি ঘটনায় প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি সংশ্লিষ্ট থাকেন, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি ছাড়া অপর কোনোএকজন স্টাফ অবশ্যই উপস্থিত থাকতে হবে। জিজ্ঞাসাবাদকালে শিক্ষার্থীকে লভ্য একজন উপযুক্ত প্রাপ্ত বয়স্ক DOE স্কুল স্টাফকে উপস্থিত থাকার জন্য বেছে নেওয়ার সুযোগ দিতে হবে। শিক্ষার্থীকে কোনো সাক্ষাৎকারে কোনো কিছু মেনে নিতে বাধ্য করা যাবে না। প্রতিবন্ধিতার কারণে যেসব শিক্ষার্থীর বোধগম্যতা বা যোগাযোগ ক্ষমতা দুর্বলতা থাকে, ভারপ্রাপ্ত ব্যক্তিটি হবেন এমন একজন যিনি শিক্ষার্থীকে সহায়তা দিতে সক্ষম এবং যার সাথে শিক্ষার্থী স্বচ্ছন্দবোধ করে। যদি শিক্ষার্থী/পিতামাতার ইংরেজিতে কথোপকথনে সমস্যা হয় বা একজন দোভাষীর অনুরোধ জানান, তাহলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

d. যদি এটা স্পষ্ট হয় যে শিক্ষার্থীটি কোনো অপরাধের জন্য অভিযুক্ত হয়েছে, এবং প্রশ্ন করার ফলে কোনো অপরাধমূলক তথ্য প্রকাশ পেতে পারে, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির উপস্থিতিতে 16 বছরে কম বয়সীদের শিক্ষার্থীদের জন্য মিরিয়ান্ডা ওয়ার্নিং ফর জুভেনাইল ইন্টারোগেশন্স (কিশোর-কিশোরীদের জিজ্ঞাসাবাদে সতর্কতা) এবং 16 বছরের বেশি বয়সীদের জন্য মিরিয়ান্ডা ওয়ার্নিং ফর জুভেনাইল ইন্টারোগেশন্স পাঠ করতে হবে।

2. স্কুলের সাথে সম্পর্কবিযুক্ত অপরাধ: যেক্ষেত্রে NYPD/তদন্তকারী সংস্থা স্কুলের সাথে সম্পর্কবিযুক্ত অপরাধমূলক কর্মকাণ্ডের জন্য কোনো শিক্ষার্থীকে জিজ্ঞাসবাদের অনুরোধ জানায়, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই:সেটা স্কুলের সময়ের বাইরে করার এবং পিতামাতাকে অবহিত করার অনুরোধ জানাতে হবে।

a. যদি NYPD/তদন্তকারী সংস্থা জানান যে জিজ্ঞাসাবাদের পরিচালনার জন্য সেখানে জরুরি পরিস্থিতি বা আশু বিপদের হুমকির সতর্কতা রয়েছে, তখন প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই:পিতামাতার সাথে যোগাযোগের চেষ্টা করতে হবে। যদি পিতামাতার সাথে যোগাযোগ করা না যায়, তাহলৈ প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জরুরি পরিস্থিতি বা আশু বিপদের হুমকি আছে কি না, সেটা নির্ণয়ের জন্য অবশ্যই:সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে বা সিনিয়র ফিল্ড কাউন্সেলেরের অবর্তমানে জেনারেল কাউন্সেলের সাথে পরামর্শ করতে হবে। শিক্ষার্থীকে সাক্ষাৎকারে কোনো কিছু মেনে নিতে বাধ্য করা যাবে না।

b. যদি একজন পিতামাতার অবর্তমানে জিজ্ঞাসাবাদ অনুষ্ঠিত হয়, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জিজ্ঞাসাবাদের সময় অবশ্যই উপস্থিত থাকতে হবে। জিজ্ঞাসাবাদকালে শিক্ষার্থীকে লভ্য একজন উপযুক্ত প্রাপ্ত বয়স্ক DOE স্কুল স্টাফকে উপস্থিত থাকার জন্য বেছে নেওয়ার সুযোগ দিতে হবে। শিক্ষার্থীকে সাক্ষাৎকারে কোনো কিছু মেনে নিতে বাধ্য করা যাবে না। প্রতিবন্ধিতার কারণে যেসব শিক্ষার্থীর বোধগম্যতা বা যোগাযোগ ক্ষমতা দুর্বলতা থাকে, ভারপ্রাপ্ত ব্যক্তিটি হবেন এমন একজন যিনি শিক্ষার্থীকে সহায়তা দিতে সক্ষম এবং যার সাথে শিক্ষার্থী স্বচ্ছন্দবোধ করে।

c. যদি এটা স্পষ্ট হয় যে শিক্ষার্থীটি কোনো অপরাধের জন্য অভিযুক্ত হয়েছে, এবং প্রশ্ন করার ফলে কোনো অপরাধমূলক তথ্য প্রকাশ পেতে পারে, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির উপস্থিতিতে 16 বছরে কম বয়সীদের শিক্ষার্থীদের জন্য মিরিয়ান্ডা ওয়ার্নিং ফর জুভেনাইল ইন্টারোগেশন্স (কিশোর-কিশোরীদের জিজ্ঞাসাবাদে সতর্কতা) এবং 16 বছরের বেশি বয়সীদের জন্য মিরিয়ান্ডা ওয়ার্নিং ফর জুভেনাইল ইন্টারোগেশন্স পাঠ করতে হবে।

3. শিশু নিগ্রহ (চাইল্ড অ্যাবিউস) এবং উৎপীড়ন:

a. শিশু নিগ্রহ, অসদাচরণ বা পিতামাতা কর্তৃক উৎপীড়ন, ছেলেমেয়ের যত্নের জন্য দায়বদ্ধ ব্যক্তি বা ছেলেমেয়ের সাথে পরিবারে নিয়মিত যে ব্যক্তিকে দেখা যায়, তার সম্পর্কে অভিযোগের ব্যাপারে আরো জানার জন্য চ্যান্সেলরের প্রবিধান A-750 সাইট দেখুন।

b. যেসব ক্ষেত্রে NYPD বা ACS কোনো পিতামাতা, অভিভাবক অথবা কাস্টোডিয়ানের বিরুদ্ধে শিক্ষার্থী নিগ্রহের অভিযোগ সম্পর্কে প্রশ্ন করতে অনুরোধ হয়, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিক অবশ্যই জেরার জন্য অনুমতি দেবেন এবং পিতামাতা, অভিভাবক অথবা কাস্টোডিয়ানের সাথে যোগাযোগ করবেন না।

c. যখন NYPD বা ACS শিক্ষার্থী নিগ্রহ অভিযোগের তদন্তের জন্য কোন শিক্ষার্থীকে প্রশ্ন করে এমন একজন ব্যক্তির বিরুদ্ধে যিনি অব্যাহতভাবে অথবা নিয়মিত একই বাড়িতে বসবাস করেন, প্রিন্সিপ্যালের সাথে পরামর্শের পর NYPD বা ACS স্থির করবে পিতামাতার সাথে যোগাযোগ ব্যতীত জেরা করা হবে কিনা। উভয় ক্ষেত্রে, প্রিন্সিপ্যাল, অথবা অন্য কোন ব্যক্তি যার সাথে শিক্ষার্থী স্বাচ্ছন্দ্য বোধ করে, তাকে ইন্টারভিউয়ের সময় উপস্থিত থাকতে হবে যদি না শিক্ষার্থী অন্য কোন ইচ্ছা প্রকাশ করে। প্রতিবন্ধিতার কারণে যেসব শিক্ষার্থীর বোধগম্যতা বা যোগাযোগ ক্ষমতা দুর্বলতা থাকে, ভারপ্রাপ্ত ব্যক্তিটি হবেন এমন একজন যিনি শিক্ষার্থীকে সহায়তা দিতে সক্ষম এবং যার সাথে শিক্ষার্থী স্বচ্ছন্দবোধ করে। বাড়তি তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-750 দেখুন।

4. SCI সাক্ষাৎকার

   a. যেক্ষেত্রে SCI কোনো শিক্ষার্থীকে জিজ্ঞাসাবাদের অনুরোধ জানাবেন, তখন পিতামাতাদের সম্মতে নেওয়ার জন্য অবশ্যই পিতামাতাদের সাথে অবশ্যই যোগাযোগ করতে হবে।

   b. যদি এই ধরনের জিজ্ঞাসাবাদ অনুমোদন পায়, এটি অবশ্যই এমনভাবে করতে হবে যা স্কুলের জন্য ন্যূনতম ব্যাঘাত ঘটায়।

C. স্টাফদের জিজ্ঞাসাবাদ

1. স্কুল-সংশ্লিষ্ট অপরাধ: NYPD কোনো স্কুল স্টাফ বা DOE বহির্ভূত স্টাফদের কোনো অভিযুক্ত স্কুল-সংশ্লিষ্ট অপরাধের জন্য জিজ্ঞাসাবাদের অনুরোধ জানানর সবগুলো ঘটনায় প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই জিজ্ঞাসাবাদ করার অনুমতি দিতে হবে, তবে স্টাফ এবং DOE বহির্ভূত স্টাফ উত্তর দিতে বাধ্য না হতে পারেন। যদি NYPD ছাড়া অপর কোনো তদন্তকারী সংস্থা স্কুলের স্টাফকে জিজ্ঞাসাবাদের অনুরোধ জানান, তাহলে প্রিন্সিপালকে সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে যোগাযোগ করতে হবে।

2. স্কুলের সাথে সম্পর্কবিযুক্ত অপরাধ: NYPD/তদন্তকারী সংস্থা কোনো স্কুল স্টাফ বা স্কুলের DOE বহির্ভূত স্টাফদের কোনো অভিযুক্ত স্কুলের সাথে সম্পর্কবিযুক্ত অপরাধের জন্য জিজ্ঞাসাবাদের অনুরোধ জানানর সবগুলো ঘটনায় প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই অনুরোধ জানাতে হবে যাতে এ ধরনের জিজ্ঞাসাবাদ যেন স্কুলের সময়ের বাইরে হয়। যদি NYPD/তদন্তকারী সংস্থা জানায় যে সেখানে একটি জরুরি পরিস্থিতির আশঙ্কা রয়েছে বা আশু বিপদের হুমকি রয়েছে, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সিনিয়র ফিল্ড কাউন্সেল বা সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে যোগাযোগ করা না গেলে অফিস অভ জেনারেল কাউন্সেলের সাথে প্রথমে বৈঠক করতে হবে।

3. শিশু নিগ্রহ (চাইল্ড অ্যাবিউস) এবং উৎপীড়ন: যখন ACS শিশু নিগ্রহ এবং উৎপীড়ন নিয়ে:তাদের তদন্তের সাথে সংশ্লিষ্ট কোনো স্টাফকে জিজ্ঞাসাবাদ করতে অনুরোধ জানান, স্কুলগুলোকে অবশ্যই চ্যান্সেলরের প্রবিধান A-750-এ বেঁধে দেওয়া প্রক্রিয়া অনুসরণ করতে হবে। প্রবিধান অনুযায়ী অভিযোগ স্কুল কর্তৃক উত্থাপিত হয়ে থাকলেও প্রত্যেক স্টাফকে বাধ্যতামূলকভাবে এ ধরনের তদন্তে সহযোগিতা করতে হবে।

## VII. অবৈধ এবং অন্যান্য নিষিদ্ধ সামগ্রীর জন্য রসিদ দেওয়া ও জব্দ করা

A. স্কুল কমিউনিটির জন্য বিপজ্জনক পরিস্থিতি সৃষ্টিকারী অবৈধ এবং অন্যান্য নিষিদ্ধ সামগ্রী উদ্ধারের বেলায় এই প্রবিধানে নির্ধারিত অবহিতকরণ ও প্রতিবেদন প্রক্রিয়া অনুসরণ ছাড়াও নিম্নলিখিত প্রক্রিয়াগুলোকে অবশ্যই মেনে চলতে হবে। এই প্রবিধান প্রসঙ্গে, অবৈধ বলতে বুঝায় DOE-এর সিটিওয়াইড বিহেভিওরাল এক্সপেকটেশন্স টু সাপোর্ট লার্নিং-এ সংজ্ঞায়িত অস্ত্রশস্ত্র, সেটা আইন দ্বারা নিষিদ্ধ হোক বা না, গাঁজা, এবং অবৈধ ড্রাগ।

B. যখনি অবৈধ কিছু উদ্ধার করা হবে, নিম্নলিখিত প্রক্রিয়াগুলো অবশ্যই মেনে চলতে হবে।

1. অবৈধ সবকিছু জব্দ করা হবে এবং NYPD/SSA তার রসিদ দেবে এবং NYPD কর্তৃক প্রিসিঙ্কট-এ নিয়ে যাওয়া হবে। যদি অবৈধ কিছু উদ্ধার করা হয়, তাহলে অবশ্যই অবিলম্বে সেটাকে কোনো SSA-এর কাছে রসিদের জন্য নিয়ে যেতে হবে এবং স্কুল এলাকা থেকে অপসারণ করতে হবে।

2. **কোনো পরিস্থিতিতেই অবৈধ বস্তু স্কুলে বা স্কুল স্টাফের জিম্মায় থাকতে পারবে না।** NYPD/SSA যদি অবৈধ বস্তুর জন্য রসিদ না দেয় বা NYPD অবৈধ বস্তু অপসারণ না করে, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই অবিলম্বে তাদের বরো সেফটি ডিরেক্টরের সাথে যোগাযোগ করবেন।

3. যখনি NYPD/SSA অবৈধ বস্তুর জন্য রসিদ কাটবেন, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সে রসিদ গ্রহণ করতে হবে এবং বাধ্যতামূলক OORS প্রতিবেদনে সেটা অন্তর্ভুক্ত করত হবে।

C. যখন কোনো শিক্ষার্থীকে কোনো নিষিদ্ধ অবৈধ নয় এমন বস্তুসহ পাওয়া যায় যাতে স্কুল কমিউনিটির জন্য বিপদাশঙ্কা রয়েছে (যেমন ভেপিং ডিভাইস, ই-সিগারেট, অ্যালকোহল, কাঁচি, নেইল ফাইল), তাহলে নিম্নলিখিত প্রক্রিয়া অবশ্যই অনুসরণ করতে হবে:

1. স্কুলের স্টাফদের কেউ, SSA বা NYPD-কে অবশ্যই তেমন নিষিদ্ধ অবৈধ নয় বস্তুকে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির কাছে হস্তান্তর করতে হবে।

2. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিরাপদে সে বস্তুটিকে একটি তালাবদ্ধ স্থানে (যেমন কেবিনেটে, ড্রয়ারে) রাখতে হবে এবং পিতামাতা বা সংশ্লিষ্ট দায়িত্বশীল অপর কোনো ব্যক্তিকে সেটা নিয়ে যেতে বলা হবে।

3. কোনো পরিস্থিতিতেই যে শিক্ষার্থীর কাছ থেকে জব্দ করা হয়েছে, তার কাছে, কিংবা কোনো ভাইবোন, অথবা যে কোনো বয়সেরই হোক, অপর কোনো আত্মীয় যে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ এনরোল আছেএমন , তার কাছে সে বস্তুকে ফেরত দেওয়া যাবে না। এ ধরনের বস্তু শুধু পিতামাতা, পিতামাতার দ্বারা নির্দেশিত কোনো যথাযথ প্রাপ্ত বয়স্ক ব্যক্তির কাছে ফেরত দেওয়া যাবে।

4. এ ধরনের বস্তুকে দীর্ঘ সময়ের জন্য কোনো স্কুলের আওতাভুক্ত এলাকায় রাখা যাবে না। যদি পিতামাতার সাথে বারংবার যোগাযোগের চেষ্টা করা হয় এবং সেটিকে না নেওয়া হয়, তাহলে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই 30 স্কুল দিবসের পর ফেলে দিতে হবে।

5. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই: বাধ্যতামূলক OORS প্রতিবেদনে পিতামাতার সাথে যোগাযোগ প্রচেষ্টা এবং তারিখসগুলোর প্রমাণ নিম্নলিখিতভাবে সংগ্রহে রাখতে হবে যেখানে জব্দকৃত বস্তুটি উদ্ধারকারীর নাম, যে তারিখে জব্দ করা হয়েছিল, এবং যদি সেটি না নিয়ে যাওয়া হয়ে থাকে, তাহলে সেটি ফেলে দেওয়ার তারিখ।

D. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে শিক্ষার্থীকে শাস্তিবিধানের প্রয়োজনের সাথে সংশ্লিষ্ট অবৈধ বস্তু/অবৈধ-নয় এমন বস্তুর ফটো অবশ্যই তুলো রাখতে হবে।

E. ধাতু শনাক্তকারী দিয়ে স্ক্যান (যেমন মেটাল ডিটেক্টর, হাতে বহনযোগ্য ডিভাইস) করে করা হয়নি, NYPD/SSA দ্বারা করা এমন শিক্ষার্থী তল্লাশি করতে হবে প্রিন্সিপাল/অবরপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্দেশিত

আলাদা স্থানে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির উপস্থিতিতে, এর ব্যতিক্রম হবে সেসব পরিস্থিতি যেখানে আশু বিপদের আশঙ্কা রয়েছে। শিক্ষার্থী ও লকার তল্লাশি সম্পর্কে বাড়তি তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-432 দেখুন।

## VIII. শিক্ষার্থী বিষয়ক তথ্য প্রকাশ

A. স্বাস্থ্য ও জরুরি পরিস্থিতি না থাকলে শিক্ষার্থীর রেকর্ড থেকে কোনো তথ্য NYPD এবং SSAসহ তৃতীয় পক্ষের কাছে প্রকাশ করা যাবে না, যার ব্যতিক্রম হবে যদি তা চ্যান্সেলরের প্রবিধান A-820.এর সাথে সংগতিপূর্ণ হয়। যদি রেকর্ড থেকে কোনো তথ্যের জন্য অনুরোধ জানানো হয়, প্রিন্সিপালকে নির্দেশানর জন্য অবশ্যই সিনিয়র ফিল্ড কাউন্সেল বা অফিস অভ জেনারেল কাউন্সেলের সাথের যোগাযোগ করতে হবে।

B. যে ক্ষেত্রে পিতামাতাOORS প্রতিবেদনের একটি কপি পেতে চাইবেন যাতে তাদের সন্তানের সংশ্লিষ্টতা ছিলো, তাহলে স্কুলকে অবশ্যই চ্যান্সেলরের প্রবিধান A -820 অনুসরণ করতে হবে।

C. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই শিশু নিগ্রহ ও নিপীড়ন অনুসন্ধানকারী ACS, NYPD বা অপর কোনো আইন প্রয়োগকারী সংস্থার কাছে রেকর্ড প্রকাশ করতে হলে চ্যান্সেলরের প্রবিধান A-750 অনুসরণ করতে হবে।

## IX. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্ট
NYC Department of Education
52 Chambers Street
New York, , NY, 10007
টেলিফোন: 212-374-4220
ফ্যাক্স: 212-374-5751